

## ■■ কুরআনে কারীম ও সহীহ সুন্নাহর আলোকে গুনাহ্ মাফের আমল

বিভাগ/অধ্যায়ঃ ২. চরিত্রের অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২. ৪. সালাম দেওয়া ও উত্তম কথা বলা:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

« إن من موجبات المغفرة بذل السلام وحسن الكلام » .

"ক্ষমা নিশ্চিতকরণের অন্যতম উপায় হলো সালাম বিনিময় করা এবং উত্তম কথা বলা।"[1]

>

## ফুটনোট

[1] খারায়েতী, 'মাকারিমুল আখলাক' (مكارم الأخلاق): পৃ. ২৩; আর একই সনদে হাদিসটি বর্ণনা করেন আলকাদা'য়ৗ, 'মুসানদু শিহাব' (مسند الشهاب), হাদিস নং- ১১৪০, তিনি বলেন: আমাদের নিকট হাদিস বর্ণনা করেছেন সালেহ ইবন আহমাদ ইবন হাম্বল, তিনি বলেন: আমাদের নিকট হাদিস বর্ণনা করেছেন আমার পিতা, তিনি বলেন: আমাদেরকে ইবনুল আশজা'য়ৗ একখানা কিতাব দিয়েছেন, যাতে সুফিয়ান থেকে বর্ণিত হাদিস বর্ণিত আছে, তিনি মিকদাম ইবন শুরাইহ থেকে বর্ণনা করেন, তিনি তার পিতা থেকে— তার পিতা তার দাদা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমি বললাম: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম! কোন আমল আমাকে জালাতে প্রবেশ করাবে? তখন তিনি বললেন: অতঃপর তিনি উপরিউক্ত হাদিসটি উল্লেখ করেন। আর হাদিসটি সহীহ; আরও দেখুন: 'সিলসিলাতুল আহাদিসিস সহীহাহ' ( سلسلة الأحاديث الصحيحة ), হাদিস নং-১০৩৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=10472

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন